

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২২৫

৭/ তালাক (کتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৬৩. আযাদকৃত দাসী যদি কোনো স্বাধীন ব্যক্তি বা ক্রীতদাসের হয়, তবে তার বিবাহ ঠিক রাখা বা বাতিল করা।

باب فِي الْمَمْلُوكَةِ تَعْتِقُ وَهِيَ تَحْتَ حُرٍّ أَوْ عَبْدٍ

## আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ مُغِيثًا، كَانَ عَبْدًا فَقَالَ يَا رَسُولَ اللَّهِ اشْفَعْ لِي إِلَيْهَا. فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا بَرِيرَةُ اتَّقِي اللَّهَ فَإِنَّهُ زَوْجُكِ وَأَبُو وَلَدِكِ ". فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ الله عليه وسلم " لَا إِنَّمَا أَنَا شَافِعٌ ". فَكَانَ دُمُوعُهُ تَسِيلُ عَلَى خَدِّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِلْعَبَّاسِ " أَلاَ تَعْجَبُ مِنْ حُبِّ مُغِيثِ بَرِيرَةَ وَبُغْضِهَا إِيَّاهُ ".

## বাংলা

২২২৫. মূসা ইবন ইসমাঈল ..... ইবন আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মুগীস একজন ক্রীতদাস ছিল (আর সে ছিল বুরায়রার স্বামী) সে বলে, ইয়া রাসূলাল্লাহ্! আপনি তাকে (বুরায়রাকে) আমার জন্য একটু সুপারিশ করুন! রাসূল্লাহ্ সাল্লাল্লাহ্ অালাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, হে বুরায়রা! তুমি আল্লাহকে ভয় করো। আর সে তোমার স্বামী এবং তোমার সন্তানদের পিতা (কাজেই তোমার জন্য বিচ্ছিন্ন হওয়া উচিত হবে না)। সে বলে, ইয়া রাসূলাল্লাহ্! আপনি কি আমাকে তার সাথে থাকতে নির্দেশ দিচ্ছেন? তিনি বলেন, না, বরং আমি একজন সুপারিশকারী। এ সময় মুগীসের অশ্রু গড়িয়ে তাঁর গন্ডদেশে পড়তে থাকলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আব্বাস (রাঃ)-কে বলেন, তুমি কি বুরায়রার প্রতি মুগীসের ভালবাসা এবং মুগীসের প্রতি বুরায়রার ক্রোধ দেখে আশ্বর্য হবে না?

## **English**

Ibn 'Abbas said "Mughith was a slave." He said "Apostle of Allaah (ﷺ) make intercession for me to her (Barirah)". The Apostle of Allaah (ﷺ) said "O Barirah fear Allaah. He is your husband and father of your child". She said



"Apostle of Allaah (ﷺ) do you command me for that? He said No, I am only interceding. Then tears were falling down on his (her husband's) cheeks. The Apostle of Allaah (ﷺ) said to 'Abbas "Are you not surprised with the love of Mughith for Barirah and her hatred for him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন